

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৪  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

নং : ১০.০০.০০০০.১২৮.০২.০০৪.১৭ -৭০৯

তারিখ : ০৬ কার্তিক ১৪৩২  
২২ অক্টোবর ২০২৫

**পরিপত্র**

**বিষয় : সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ এর বিধি ১৩-এর বিধান প্রতিপালন।**


সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ এর বিধি ১৩-এর উপবিধি (১) অনুযায়ী গৃহ নির্মাণ ও বিশেষ বিবেচনায় প্রদত্ত অগ্রিম ব্যতীত অন্য সকল উদ্দেশ্যে অগ্রিম মঞ্জুরের ক্ষেত্রে গেজেটেড কর্মকর্তাদের জন্য বিভাগীয় প্রধান এবং সংশ্লিষ্ট কর্মকর্তা নিজেই বিভাগীয় প্রধান হলে সেক্ষেত্রে সরকার অগ্রিম মঞ্জুরকারী কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হবেন।

২। উপর্যুক্ত বিধান সত্ত্বেও অনেক ক্ষেত্রে সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯-এর বিধি ১৩-এর উপবিধি (১) এর বিধান অনুসরণ না করে সাধারণ ভবিষ্য তহবিলসংক্রান্ত সকল আবেদন আইন ও বিচার বিভাগে প্রেরণ করা হচ্ছে।

৩। এমতাবস্থায়, সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯-এ বর্ণিত গৃহ নির্মাণের উদ্দেশ্য ও বিশেষ বিবেচনায় প্রদত্ত অগ্রিম ব্যতীত অন্যান্য অগ্রিম মঞ্জুরের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনিক নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তার প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তা ও কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম উত্তোলনের আবেদন নিষ্পত্তি করবেন। তবে স্থানীয় প্রশাসনিক নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তাঁর নিজের অনুরূপ অগ্রিম মঞ্জুরির আবেদন পূর্বের ন্যায় সরকার বরাবর প্রেরণ করবেন।

সংযুক্তি :

সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯


  
২২/১০/২০২৫  
(মুহাম্মদ আশেকুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ২২৩৩৫৭৪১৬

Email: section4@lawjusticediv.gov.bd

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :**

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. নির্বাহী পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।
৩. জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ (সকল)।
৪. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, ঢাকা।
৫. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৬. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৭. স্পেশাল জজ (সকল)।
৮. বিভাগীয় স্পেশাল জজ (সকল)।
৯. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল (সকল)।
১০. বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল (সকল)।
১১. বিচারক, প্রশাসনিক ট্রাইব্যুনাল (সকল)।
১২. বিচারক, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল (সকল)।

১৩. বিচারক, সম্মান দমন বিশেষ ট্রাইব্যুনাল (সকল)।
১৪. বিচারক, সাইবার ট্রাইব্যুনাল (সকল)।
১৫. বিচারক, মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল (সকল)।
১৬. বিচারক, পরিবেশ আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৭. বিচারক, স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
১৮. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল)।
১৯. রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
২০. বিচারক, ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল (সকল)।
২১. বিচারক, পরিবেশ আদালত (সকল)।
২২. উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, ঢাকা।
২৪. জেলা/বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা ... ।
২৫. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৬. গার্ড ফাইল/অফিস কপি।

  
২২/১০/২০২৫  
(মুহাম্মদ আশেকুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব